গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
[কাস্টমস ও ভ্যাট প্রশাসন- ২ শাখা]

## সভার কার্যবিবরণী

**বিষয়: কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের অধীন বিদ্যমান ও নবসৃষ্ট কমিশনারেটসমূহের অধিক্ষেত্রাধীন বিভাগ ও সার্কেল সমূহের সীমানা যৌক্তিকীকরণ সংক্রান্ত সৃষ্ট জটিলতা বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভার স্থান : সদস্য মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-৫০৮)।
তারিখ ও সময় : ১২ মার্চ, ২০২৬ খ্রি., সকাল- ০৯:৩০ ঘটিকা।
সভাপতি : সদস্য, কাস্টমস ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন) এঁর সভাপতিত্বে সদস্য মহোদয়ের অফিস কক্ষে (কক্ষ নং-৫০৮) জাতীয় রাজস্ব বোর্ড এর কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের অধীন বিদ্যমান ও নবসৃষ্ট কমিশনারেটসমূহের অধিক্ষেত্রাধীন বিভাগ ও সার্কেল সমূহের সীমানা যৌক্তিকীকরণ সংক্রান্ত সৃষ্ট জটিলতা বিষয়ে পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদানের বিষয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে উপস্থিত কর্মকর্তাগণ উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্যসূচী | সীমানা যৌক্তিকীকরণের জন্য আবেদনকৃত কমিশনারেট | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ০১ | কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের অধীন বিদ্যমান ও নবসৃষ্ট কমিশনারেটসমূহের অধিক্ষেত্রাধীন বিভাগ ও সার্কেল সমূহের সীমানা যৌক্তিকীকরণ সংক্রান্ত সৃষ্ট জটিলতা বিষয়ে পর্যালোচনাপূর্বক সভা। | (১) কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম | বেসরকারি আইসিডি এবং অয়েল বন্ড কোন কাস্টমস হাউসের অন্তর্ভূক্ত হবে এই বিষয়ে কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম এবং কমিশনার, কাস্টমস হাউস আইসিডি, চট্টগ্রাম এর মধ্যে আলোচনা হয়। | উপস্থিত সদস্য মহোদয়গণের সুপারিশ এবং কমিশনার, কাস্টমস হাউস আইসিডি, চট্টগ্রাম ও কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম এর আলোচনা অনুযায়ী নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) চট্টগ্রাম জেলায় অবস্থিত বেসরকারি আইসিডি/অফডক/সিএফএস (কন্টেইনার ফ্রেইট স্টেশনসমূহ), শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম এর এয়ারফ্রেইট ইউনিট, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রামে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) চট্টগ্রামের ভৌগলিক সীমানায় অবস্থিত সকল সরকারি তথা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন সকল টার্মিনাল/জেটি/ইয়ার্ড ও বঙ্গোপসাগরের বহির্নোঙ্গার এলাকাসহ কর্ণফুলী নদীর দুইতীরে স্থাপিত সকল গেট/জেটিসমূহ এবং চট্টগ্রামের ভৌগোলিক সীমানায় অবস্থিত সকল অয়েল বন্ড, ইপিজেড এলাকাসহ অন্যান্য এলাকা কাস্টমস হাউস, চট্টগ্রামে অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়। |
| | | (২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট | কালিগঞ্জ উপজেলার প্রশাসনিক এলাকা কোন কমিশনারেটের অন্তর্ভূক্ত হবে এই বিষয়ে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর ও কমিশনার, কাস্টমস, | উপস্থিত সদস্য মহোদয়গণ এবং সংশ্লিষ্ট কমিশনারগণের আলোচনা ও পর্যালোচনা সাপেক্ষে সমগ্র কালিগঞ্জ প্রশাসনিক এলাকা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট |

| ক্র. নং | আলোচ্যসূচী | সীমানা যৌক্তিকীকরণের জন্য আবেদনকৃত কমিশনারেট | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | | কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা। | এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা এর মধ্যে আলোচনা হয়। | কমিশনারেট, গাজীপুরে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় । |
| | | (৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। | "সায়েন্সল্যাবরেটরি মোড় হতে পান্থপথ মোড় পর্যন্ত এবং সেখান থেকে বীর উত্তম কাজী নূরুজ্জামান রোড হয়ে মিরপুর রোডে সংযোগস্থল পর্যন্ত" এই এলাকাটি কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (পশ্চিম), ঢাকা এর রাজাবাজার সার্কেল এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর ধানমন্ডি সার্কেলে অন্তর্ভূক্ত দেখানো হয়েছে। উক্ত এলাকাটি কোন কমিশনারেটে অন্তর্ভূক্ত হবে এই বিষয়ে সুস্পষ্টীকরণের লক্ষ্যে আলোচনা হয়। | আলোচনা সাপেক্ষে "সায়েন্সল্যাবরেটরি মোড় হতে পান্থপথ মোড় পর্যন্ত এবং সেখান থেকে বীর উত্তম কাজী নূরুজ্জামান রোড হয়ে মিরপুর রোডের সংযোগস্থল পর্যন্ত" এলাকাটি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর রাজাবাজার সার্কেলের মধ্যে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় । |
| | | (৪) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর | গংগাচড়া এলাকাটি কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের অধীন বিদ্যমান ও নবসৃষ্ট কমিশনারেটসমূহের সীমানা ও অধিক্ষেত্র সংক্রান্ত আদেশে কোন সার্কেলের আওতাধীন তা উল্লেখ না থাকায় উক্ত এলাকাটি কোন সার্কেলে অন্তর্ভূক্ত হবে এই বিষয়ে আলোচনা হয়। | আলোচনা সাপেক্ষে গংগাচড়া এলাকাটি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর প্রস্তাব মোতাবেক বদরগঞ্জ সার্কেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | (৫) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কক্সবাজার | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কক্সবাজার এর অধিক্ষেত্রাধীন বিভাগ ও সার্কেল সমূহের সীমানা যৌক্তিকীকরণ সংক্রান্ত সৃষ্ট জটিলতা | আলোচনা সাপেক্ষে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কক্সবাজার এর প্রস্তাব মোতাবেক সার্কেল সমূহের অধিক্ষেত্র পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সার্কেলসমূহ নিম্নরূপ:<br>(ক) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কক্সবাজার (উত্তর) বিভাগের - কক্সবাজার সদর সার্কেল, সৈকত- ১ সার্কেল, সৈকত-২ সার্কেল এবং (খ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কক্সবাজার (দক্ষিণ) বিভাগের- সৈকত-৩ সার্কেল । |

০৩। সভার আলোচ্য সূচিতে আর কোনো বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ মোয়াজ্জেম হোসেন)
সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

অপর পাতায় দ্রষ্টব্য

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫/৭৬

তারিখঃ ০৩ বৈশাখ , ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ এপ্রিল, ২০২৬ খ্রিঃ

**অনুলিপি :সদয় অবগতির জন্য (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। সদস্য (কাস্টমস রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৫। কমিশনার, কাস্টমস হাউস আইসিডি, চট্টগ্রাম।
০৬। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
০৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা
০৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
১০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর।
১১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।
১২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কক্সবাজার।
১৩। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। প্রথম সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫। পি এ টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬/০৪/২০২৬

(মো: নূরুল আমীন)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-২)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।